

মাতৃস্বাস্থ্য, নবজাতক ও শিশু স্বাস্থ্য এবং বাল্য বিয়ের পরিস্থিতি নিয়ে  
ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন (আইপিইউ)-এর এডভাইজরি গ্রুপের  
প্রতিনিধি দলের সভা অনুষ্ঠিত

আজ শুক্রবার ৩১ মার্চ ২০১৭ইং  
তারিখ, সকাল ৯টা ৩০ মিনিটে বঙ্গবন্ধু  
শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের  
বি ব্লকের নীচতলায় ডা. মিল্টন হলে  
ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন-  
আইপিইউ-এডভাইজরি গ্রুপ অন  
এইচআইভি/এইডস এন্ড ম্যাটারনাল,  
নিউবর্ন এন্ড চাইল্ড হেলথ  
(এমএনসিএইচ) (Inter-  
Parliamentary Union-IPU-  
Advisory Group On  
HIV/AIDS and Maternal  
Newborn and Child Health



(MNCH)-এর ১২ সদস্যের প্রতিনিধি দলের সাথে মাতৃস্বাস্থ্য, নবজাতক ও শিশু স্বাস্থ্য এবং বাল্য বিয়ের পরিস্থিতি নিয়ে একটি গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান-এর সভাপতিত্বে সভায় প্রতিনিধি দলের চেয়ারপার্সন তানজানিয়ার মাননীয় সংসদ সদস্য ফাস্টিন নডিউগুলাইলি (Mr. Faustine Ndugulile, National Assembly of Tanzania and Chair of the IPU Advisory Group on HIV/AIDS and Maternal, Newborn and Child Health), বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় সংসদ সদস্য অধ্যাপক ডা. মোঃ হাবিবে মিল্লাত এমপি, অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ মূল্যবান বক্তব্য রাখেন। সভার শুরুতে 'চাইল্ড হেলথ, ম্যাটারনাল হেলথ এন্ড ভিকটিমস অফ চাইল্ড ম্যারেজ (Child Health, Maternal Health and victims of Child marriage )' শীর্ষক তথ্যসমৃদ্ধ প্রবন্ধ উপস্থাপন করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত পরিচালক (হাসপাতাল) বিগ্নেডিয়ায়র জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন। সভায় আরো উপস্থিত ছিলেন অস্ট্রিয়ান পার্লামেন্টের মাননীয় পেট্রা বায়র (Ms. Petra Bayr, Austrian Parliament), ইটালিয়ান চেম্বার অফ ডেপুটিস মাননীয় পিয়া লোকেটেল্লি (Ms. Pia Locatelli, Italian Chamber of Deputies), সিনেট অফ রুয়ান্ডা মাননীয় সেলিস্টিন সেবুহোরো (Mr. Célestin Sebuhoro, Senate of Rwanda), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, অতিরিক্ত পরিচালক (হাসপাতাল) ডা. নাজমুল করিম মানিক, অবস এন্ড গাইনী বিভাগের অধ্যাপক ডা. সালেহা বেগম চৌধুরী, সেবা তত্ত্বাবধায়ক সান্তানা রানী দাস প্রমুখ। পরে প্রতিনিধি দলটি অত্র বিশ্ববিদ্যালয়ের সি ব্লকের ৮তলায় অবস এন্ড গাইনী বিভাগের ওয়ার্ড পরিদর্শন করে সংশ্লিষ্ট রোগীদের সাথে কথা বলেন। এরপর প্রতিনিধি দলটি পুনরায় ডা. মিল্টন হলে ফিরে এসে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের হাসপাতালে কর্মরত কর্মকর্তা, নার্সসহ সংশ্লিষ্ট স্টাফদের সাথে সভা করেন।

গুরুত্বপূর্ণ ওই সভায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান তাঁর বক্তব্যে চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্যসেবায় বাংলাদেশের উল্লেখযোগ্য সাফল্যসমূহ তুলে ধরেন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অত্যন্ত সফলতার সাথে জঙ্গিবাদকে মোকবেলার কথা উল্লেখ করেন।

সভায় মাননীয় সংসদ সদস্য অধ্যাপক ডা. মোঃ হাবিবে মিল্লাত এমপি তাঁর বক্তব্যে স্বাস্থ্যক্ষেত্রে বর্তমান সরকারের আমলে অর্জিত অগ্রগতিসহ বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন।

প্রতিনিধি দলের চেয়ারপার্সন তানজানিয়ার মাননীয় সংসদ সদস্য মিস্টার ফাস্টিন তাঁর বক্তব্যে স্বাস্থ্যক্ষেত্রে বাংলাদেশের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করে বাল্য বিবাহ মোকাবিলাসহ মাতৃ ও শিশু স্বাস্থ্য নিশ্চিত করাকে চ্যালেঞ্জ হিসেবে উল্লেখ করেন এবং ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।